

সমকাল

ফেসবুকে স্ট্যাটাস

বঙ্গবন্ধু প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৬ শিক্ষার্থী বহিষ্কার

০৬ সেপ্টেম্বর ২০১৯ | Updated ০৬ সেপ্টেম্বর ২০১৯

গোপালগঞ্জ প্রতিনিধি



গোপালগঞ্জে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (বশেমুরবিপ্রবি) ছয় শিক্ষার্থীকে এক সেমিস্টারের জন্য একাডেমিক বহিষ্কার করা হয়েছে।

বুধবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার প্রফেসর ড. নূরউদ্দিন আহমেদ স্বাক্ষরিত এই বহিষ্কার আদেশের একটি চিঠি ইস্যু করে শিক্ষার্থীদের কাছে পাঠানো হয়েছে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর সমকালকে বিষয়টি নিশ্চিত করেছে।

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে শ্রেণিকক্ষের পরিষ্কার-পরিচ্ছন্নতা নিয়ে স্ট্যাটাস দেওয়ায় ঘটনায় তাদের বিরুদ্ধে এ পদেক্ষপ নেওয়া হলো।

বহিষ্কৃত শিক্ষার্থীরা হলেন- ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের তৃতীয় বর্ষের হাবিবুল্লাহ নিয়ন, মো. রাশেদ হাসান, মুনিম ইসলাম হিরা, বিলাম হালদার, ফাহিমদ বৃষ্টি ও দেবব্রত রায়।